

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৯১৩

১/ বিবিধ

আরবী

لكل شيء أس، وأس الإيمان الورع، ولكل شيء فرع، وفرع الإيمان الصبر، ولكل شيء سنام، وسنام هذه الأمة عمي العباس، ولكل شيء سبط، وسبط هذه الأمة حبيبي الحسن والحسين، ولكل شيء جناح، وجناح هذه الأمة أبو بكر وعمر، ولكل شيء مجن، ومجن هذه الأمة علي بن أبي طالب

موضوع

رواه ابن عساكر (2 / 471 / 8) من طريق أبي بكر الخطيب بسنده عن إبراهيم بن (الحكم بن) ظهير عن أبيه عن عطاء بن أبي رباح عن ابن عباس مرفوعا. وقال الخطيب: "الحكم بن ظهير زاهب الحديث". قلت: وقال صالح جزرة: "يضع الحديث". وقال البخاري: "متروك الحديث، تركوه". وقال يحيى: "كذاب". قلت: وابنه إبراهيم ليس خيرا منه، فقد قال فيه أبو حاتم: "كذاب". والحديث أورده السيوطي في "ذيل الموضوعات" (ص 53)، ثم ابن عراق في "تنزيه الشريعة" (2 / 177) من رواية الديلمي فقط من هذه الطريق

وأعلاه بإبراهيم هذا فقط وهو قصور. ثم إن السيوطي تناقض حيث أورد الحديث في "الجامع الصغير" من رواية الخطيب وابن عساكر هذه! . وأما المناوي فخفي عليه أن الحديث من رواية هذين الكذابين، فقال: "ورواه الديلمي، وفيه من لا يعرف". وأما في "التيسير" فقد بيض له المناوي! ثم إن إطلاق السيوطي العزو للخطيب يشعر أنه في "تاريخه" كما نص عليه في مقدمة "الجامع الصغير"، وليس فيه، ولعله استلزم من

## رواية ابن عساكر له من طريق الخطيب أنه في " تاريخه " ، وليس ذلك بلازم كما لا يخفي

বাংলা

১৯১৩। প্রতিটি বস্তুর মূল আছে আর ঈমানের মূল হচ্ছে পরহেযগারিতা। প্রতিটি বস্তুর শাখা আছে আর ঈমানের শাখা হচ্ছে ধৈর্য্য। প্রতিটি বস্তুর চূড়া আছে আর এ উম্মাতের চূড়া হচ্ছে আমার চাচা আব্বাস। প্রতিটি বস্তুর উপজাতি আছে আর এ উম্মাতের উপজাতি হচ্ছে হাসান ও হুসাইন। প্রতিটি বস্তুর ডানা আছে আর এ উম্মাতের ডানা হচ্ছে আবু বাকর ও উমার। প্রতিটি বস্তুর ঢাল আছে আর এ উম্মাতের ঢাল হচ্ছে আলী ইবনু আবু তালেব।

হাদীসটি বানোয়াট।

হাদীসটিকে ইবনু আসাকির (৮/৪৭১/২) আবু বকর খাতীব তার সনদে ইবরাহীম ইবনুল হাকাম ইবনু যহীর হতে, তিনি আতা ইবনু আবী রাবাহ হতে, তিনি আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ) হতে মারফূ' হিসেবে বর্ণনা করেছেন।

খাতীব বলেনঃ হাকাম ইবনু যহীর যাহেবুল হাদীস।

আমি (আলবানী) বলছিঃ সালেহ জাযারাহ বলেনঃ তিনি হাদীস জালকারী। ইমাম বুখারী বলেনঃ তিনি মাতরুকুল হাদীস, তাকে তারা ত্যাগ করেছেন। ইয়াহইয়া বলেনঃ তিনি বড়ই মিথ্যুক।

আমি (আলবানী) বলছি তার ছেলে তার চেয়ে ভালো নয়। এর সম্পর্কে আবু হাতিম বলেনঃ তিনি বড়ই মিথ্যুক। হাদীসটিকে সুযুতী "যাইলুল মওয়ুয়াত" গ্রন্থে (পৃঃ ৫৩) উল্লেখ করেছেন আর ইবনু ইরাক "তানযীছ শারীয়াহ" গ্রন্থে (২/১৭৭) শুধুমাত্র দাইলামীর বর্ণনা হতে এ সূত্রে উল্লেখ করেছেন। আর তারা দু'জনই শুধুমাত্র ইবরাহীমকেই সমস্যা হিসেবে চিহ্নিত করেছেন। এ ক্ষেত্রে তারা কম করেছেন।

এরপর সুযুতী দ্বিধাঘন্থে ভুগে হাদীসটিকে "আলজামেউস সাগীর" গ্রন্থে খাতীব ও ইবনু আসাকিরের বর্ণনা হতে উল্লেখ করেছেন।

মানবীর নিকট হাদীসটি যে এ দু'মিথ্যুকের বর্ণনায় বর্ণিত হয়েছে তা গোপন রয়ে যাওয়ায় তিনি বলেছেনঃ হাদীসটিকে দাইলামী বর্ণনা করেছেন। আর এর মধ্যে এমন ব্যক্তি রয়েছেন যাকে চেনা যায় না।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72796>

হাদিসবিডিৰ প্ৰজেক্টে অনুদান দিন